



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.৯৯.০২৪.১৮.২

তারিখ: ১৯ পৌষ ১৪২৭

০৩ জানুয়ারি ২০২১

বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগের সাথে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত কার্যক্রম পরিদর্শন এবং প্রতিবেদন দাখিল।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম এ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ পরিদর্শন এবং প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত প্রতিবেদন এপিএ অর্জনের প্রমাণক হিসেবে APAMS সফটওয়্যারে আপলোড করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতভাগ অর্জনের নিমিত্ত চুক্তিতে অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিল বাধ্যতামূলক। কিন্তু যথাসময়ে পরিদর্শন প্রতিবেদন দাখিল না করায় এপিএ'র প্রকৃত অর্জন নির্ণয় এবং প্রমাণক হিসেবে APAMS সফটওয়্যারে আপলোড করা সম্ভব হয় না। ০২। এমতাবস্থায়, জেলা ভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রতিমাসে কমপক্ষে ১ (এক) বার পরিদর্শন করবেন এবং পরিদর্শনের ১০ কর্মদিবসের মধ্যে আবশ্যিকভাবে প্রতিবেদন দাখিল করবেন। ইতঃপূর্বে এ মন্ত্রণালয়ের যেসকল কর্মকর্তা পরিদর্শন করা সত্ত্বেও এখনো প্রতিবেদন দাখিল করেননি তাঁদেরকে আবশ্যিকভাবে ১০ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩-১-২০২১

মো: আবদুর রহমান

উপসচিব

ফোন: ৯৫৪০৪৩৮

কর্মকর্তা(সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

ইমেইল: administration-1@mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.৯৯.০২৪.১৮.২/১

তারিখ: ১৯ পৌষ ১৪২৭

০৩ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৩-১-২০২১

মো: আবদুর রহমান

উপসচিব